

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.০৪.০১৭.১৩-৫২২

তারিখ: ৩১-০৭-২০২৪ খ্রিষ্টাব্দ

**প্রজ্ঞাপন**

গত ১৮ ও ১৯ জুলাই ২০২৪ তারিখ দৃষ্টিভঙ্গী কর্তৃক বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-এর বনানীস্থ প্রধান কার্যালয়ে অগ্নিসংযোগ, ভাংচুর ও লুটতরাজ করা হয়। ফলে বিআরটিএ ভবনে স্থাপিত সার্ভার ও আইএস স্ক্রিনিং হয়। এ কারণে বিআরটিএ কর্তৃক মোটরযান সংক্রান্ত সেবা যথা: ফিটনেস, ট্যাক্স-টোকেন, রুট পারমিট, ড্রাইভিং লাইসেন্স নবায়ন বা স্থলনাগাদ, অগ্রীম আয়কর আদায় এবং গাড়ি নিবন্ধন করা সম্ভব হচ্ছে না। ক্ষতিগ্রস্ত সার্ভার ও আইএস সচল ও কার্যকর করার কার্যক্রম চলমান আছে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ১২৪(১)(খ) অনুযায়ী ১৬ জুলাই ২০২৪ তারিখ হতে যেসকল গ্রাহকের মোটরযানের ফিটনেস, ট্যাক্স টোকেন, অগ্রীম আয়কর, রুট পারমিট এবং ড্রাইভিং লাইসেন্স নবায়ন সংক্রান্ত কাগজপত্রের মেয়াদ ১৯ জুলাই ২০২৪ তারিখ অতিক্রান্ত হয়েছে অথবা ১৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অতিক্রান্ত হবে সেসকল গ্রাহকের মোটরযানের উল্লিখিত সেবা সংশ্লিষ্ট কাগজপত্রের বৈধতার মেয়াদ আগামী ১৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

০৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



মোঃ জনিম উদ্দিন

সহকারী সচিব

ফোন: ৫৫১০০৪৫১

ইমেইল: sasbrtae@rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.০৪.০১৭.১৩-৫২২/১(২৭)

তারিখ: ৩১-০৭-২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
০৩. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিএ, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৭. বিভাগীয় কমিশনার, ..... (সকল)

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)